# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 06 May, 2025

নরসিংদীর রায়পুরা উপজেলায় আওয়ামী লীগ ও যুবলীগের সমর্থকদের মধ্যে সংঘর্ষে সাইফুল ইসলাম (১৭) নামে এক কিশোর নিহত হয়েছেন।এ সময় আহত হয়েছেন আরও কয়েকজন।মঙ্গলবার (৬ মে) সকালে উপজেলার চান্দেরকান্দি ইউনিয়নের নজরপুর এলাকায় এ ঘটনা ঘটে বলে অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ) সুজন চন্দ্র সরকার জানিয়েছেন।

নিহত সাইফুল ইসলাম ওই গ্রামের শফিকুল ইসলামের ছেলে।

সংঘর্ষে গুরুতর আহত চান্দেরকান্দি ইউনিয়নের মেথিকান্দা এলাকার রবিউল্লাহ ছেলে রাহাতকে (২২) উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়েছে।তবে একটি সূত্র বলছে- ঢাকায় নেওয়ার পথে রাহাতেরও মৃত্যু হয়েছে।কিন্তু রাহাতের মৃত্যুর বিষয়টি এখনো নিশ্চিত হওয়া যায়নি।

স্থানীয় লোকজন ও পুলিশ জানায়, দীর্ঘদিন ধরে আধিপত্য বিস্তার ও গোষ্ঠীগত বিষয় নিয়ে উপজেলা যুবলীগ নেতা আবিদ হাসান রুবেল এবং রায়পুরা পৌর আওয়ামী লীগের সহসভাপতি হারুন অর রশিদের সমর্থকদের মধ্যে বিরোধ চলে আসছে।তাদের মধ্যে দফায় দফায় হামলা-মামলার ঘটনাও ঘটেছে।

সকালে উভয় পক্ষের লোকজন দেশীয় অস্ত্র ও আগ্নেয়াস্ত্র নিয়ে ফের সংঘর্ষে জড়ায়।এ সময় প্রতিপক্ষের হামলায় সাইফুল ঘটনাস্থলেই নিহত হন।গুরুতর আহত হন রাহাত।তারা যুবলীগ নেতা রুবেলের সমর্থক।গ্রেপ্তার এড়াতে উভয় পক্ষের আহতরা গোপনে বিভিন্ন হাসপাতালে

চিকিৎসা নিচ্ছেন। খবর পেয়ে সকালে পুলিশসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ) সুজন চন্দ্র সরকার বলেন, পুলিশ একজনের মরদেহ উদ্ধার করেছে।আরেক জনের মৃত্যুর কথা শোনা যাচ্ছে।তবে সেটির বিষয়ে আমরা এখনো নিশ্চিত নই।এ ব্যাপারে আইনগত পদক্ষেপ নেওয়া হচ্ছে।

নিহত সংঘর্ষ আ.লীগ সংঘর্ষ নিহত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 03:38

URL: https://timestodaybd.com/dhaka/3798272038